

স্মারক নং- ৪২৮

তারিখ- ১০/১০/২০২৩ খ্রিঃ

বিষয় : সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ১০২(২) বিধি মোতাবেক নিরীক্ষা নোটিশ।

সূত্র : যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা মহোদয়ের স্মারক নং- ৪৭.৬১.০০০০.২০১.৩২.৪২০.৮০-  
৫৪৮(১৭), তারিখ- ২৬/০৬/২০২৩ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের মর্মানুসারে জানানো যাচ্ছে যে, সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত, ২০০২ ও ২০১৩) এর ৪৩(১) ধারা মোতাবেক যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা মহোদয় কর্তৃক সূত্রাধীন স্মারকে জারীকৃত আদেশ মূলে “অষ্টগ্রাম উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ” এর ২০২২-২০২৩ সমবায় বছরের বার্ষিক বিধিবদ্ধ নিরীক্ষা সম্পাদনের লক্ষ্যে নিরীক্ষা কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রাপ্ত হয়েছে। সেমতে একই আইনের ৪৫ ও ৪৬ ধারা এবং বিষয়ে বর্ণিত বিধিমালা ১০০, ১০১ ও ১০৩ বিধির উদ্দেশ্য পূরণ কল্পে আগামী ১২/১১/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় সমিতির নিবন্ধিত অফিসে আলোচ্য নিরীক্ষা কার্য নিম্নস্বাক্ষরকারী কর্তৃক আরম্ভ করা হবে।

নিরীক্ষা কার্য শুরুর প্রারম্ভে ১০২(৩) বিধি মোতাবেক নিম্নোক্ত হিসাব বিবরণীসহ সংশ্লিষ্ট খাতাপত্র/বহি, রেকর্ডপত্র, ৩০/০৬/২০২৩ খ্রিঃ তারিখের মজুদ মালামলের তালিকা, নগদ তহবিলের বিবরণী, ব্যাংক স্থিতির বিবরণী ইত্যাদি উপস্থাপন করতঃ নিরীক্ষা কার্যে সার্বিক সহযোগিতা প্রদান করতে বিশেষভাবে অনুরোধ করা হল। ব্যর্থতায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষ বরাবরে বিশেষ প্রতিবেদন দাখিল করা হবে।

- ১। সমবায় সমিতি ম্যানুয়াল অনুসারে ২০২২-২০২৩ অর্থ বছরের নগদ প্রবাহ বিবরণী হিসাব।
- ২। সমবায় সমিতি হিসাব ম্যানুয়াল অনুসারে ২০২২-২০২৩ অর্থ বছরের রেওয়ামিল হিসাব।
- ৩। সমবায় সমিতি হিসাব ম্যানুয়াল অনুসারে ২০২২-২০২৩ অর্থ বছরের নোটাংশসহ লাভ-ক্ষতি হিসাব।
- ৪। সমবায় সমিতি হিসাব ম্যানুয়াল অনুসারে নোটাংশসহ ৩০জুন/২০২৩ তারিখের উদ্বৃত্তপত্র।
- ৫। ৩০জুন/২০২৩ তারিখের স্থায়ী সম্পদের এবং খাতওয়ারী সম্পদ ও সম্পত্তির তালিকা।
- ৬। ৩০জুন/২০২৩ তারিখের দায় ও মূলধনের খাতওয়ারী বিস্তারিত তালিকা ও
- ৭। ব্যবহৃত ও নিরীক্ষায় উপস্থাপিত খাতাপত্র/বহি, রেকর্ডপত্র সমূহের তালিকা।
- ৮। সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সকল প্রকার ব্যাংক হিসাবসমূহের ৩০জুন, ২০২৩ তারিখের স্থিতিপত্রের মূলকপি।

সমিতির সদস্য সমিতি/দেনাদার ও পাওনাদারগণ যাতে তাদের স্ব-স্ব হিসাব সমিতিতে রক্ষিত হিসাবের সাথে (নিরীক্ষা চলাকালে) মিলিয়ে নিতে পারে তজ্জন্যে এতদসাথে একখানা নিরীক্ষা বিজ্ঞপ্তি সংযুক্ত করা হল। সংযুক্ত বিজ্ঞপ্তিটির যথাযথ বহুল প্রচার/প্রকাশ নিশ্চিত করতেও বিশেষভাবে অনুরোধ করা হল।

সংযুক্ত ৪ বর্ণনা মতে এক পাতা।



(মাহফুজুল আমিন)

উপজেলা সমবায় অফিসার  
ইটনা, কিশোরগঞ্জ

ও

নিরীক্ষা কর্মকর্তা, ২০২২-২০২৩  
মোবাইল নং- ০১৭১৬-৮০৭০৭৫


- ১। সভাপতি, অষ্টগ্রাম ইউ.সি.সি.এ লিঃ, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।
- ২। সচিব, অষ্টগ্রাম ইউ.সি.সি.এ লিঃ ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।


স্মারক নং- ৪২৮/১(৫)

তারিখ- ১০/১০/২০২৩ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :

- ১। যুগ্ম- নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
- ২। জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ।
- ৩। উপ-পরিচালক, বি.আর.ডি.বি, কিশোরগঞ্জ।
- ৪। উপজেলা সমবায় অফিসার, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ।
- ৫। আহবায়ক, অডিট সেল, জেলা সমবায় কার্যালয়, কিশোরগঞ্জ।





(মাহফুজুল আমিন)

উপজেলা সমবায় অফিসার  
ইটনা, কিশোরগঞ্জ

ও

নিরীক্ষা কর্মকর্তা, ২০২২-২০২৩

# অষ্টগ্রাম উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিমিটেড এর

২০২২-২০২৩ সনের অডিট অফিসারের কার্যালয়

ও

উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়

ইটনা, কিশোরগঞ্জ।

## “বার্ষিক নিরীক্ষা বিজ্ঞপ্তি, ২০২২-২০২৩”

এতদ্বারা অষ্টগ্রাম উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিমিটেড, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ এর সকল সদস্য সমিতি, দেনাদার ও পাওনাদারগণকে জানানো যাচ্ছে যে, অত্র সমিতির ২০২২-২০২৩ সমবায় বছরের বার্ষিক নিরীক্ষা নিম্নস্বাক্ষরকারী কর্তৃক আগামী ১২/১১/২০২৩ খ্রিঃ তারিখ হতে সমিতির অফিসে শুরু করা হবে এবং মাঝে মধ্যে বিরতি দিয়ে আগামী ৩০/১১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে নিরীক্ষা সম্পাদনের কর্মসূচী গ্রহণ করা হয়েছে। কাজেই নিরীক্ষা চলাকালীন অর্থাৎ ১২/১১/২০২৩ খ্রিঃ হতে ৩০/১১/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে সমিতিতে রক্ষিত হিসাবের সাথে সংশ্লিষ্ট সদস্য সমিতি, দেনাদার ও পাওনাদারগণকে তাদের স্ব-স্ব হিসাব মিলিয়ে নিতে বিশেষ ভাবে অনুরোধ করা হল। উল্লেখ্য এতদবিষয়ে সংশ্লিষ্ট সদস্য সমিতি, দেনাদার ও পাওনাদারগণ বরাবরে পৃথক পৃথক ভেরিফিকেশন স্লিপ ইস্যু করা হবে না।



(মাহফুজুল আমিন)

উপজেলা সমবায় অফিসার

ইটনা, কিশোরগঞ্জ

ও

নিরীক্ষা কর্মকর্তা, ২০২২-২০২৩